অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/24/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

জলবায়ু সপ্তাহ চলাকালীন, গভর্নর হোচুল ফিঙ্গার লেকসের সর্ববৃহৎ ব্যক্তিগত-মালিকানাধীন উপকূলের ভবিষ্যৎ নিরাপত্তা নিশ্চিত করতে চুক্তি ঘোষণা করেছেন

গভর্নর ফিঙ্গার লেকস অঞ্চলের সর্ববৃহৎ ব্যক্তিগত-মালিকানাধীন পতিত জমির উপকূলের অংশ, 470 একর বেল স্টেশন ল্যান্ডিং প্যানেলের পরিকল্পিত নিলাম বাতিল করার জন্য নিউ ইয়র্ক স্টেট ইলেকট্রিক অ্যান্ড গ্যাস কর্পোরেশনের (New York State Electric and Gas Corporation, NYSEG) সাথে চুক্তি নিশ্চিত করেছেন

গভর্নর স্টেটের ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস, ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন এবং স্টেটের পার্কগুলিকে কাইয়ুগা লেক সংলগ্ন জমি সংরক্ষণ এবং অতি গুরুত্বপূর্ণ জীবের প্রাকৃতিক বাসস্থান ও পানির মাণ সুরক্ষার জন্য NYSEG এর সাথে আলোচনার ব্যবস্থা করতে নির্দেশনা দিয়েছেন

জলবায়ু সপ্তাহ চলাকালীন, গভর্নর ক্যাথি হোচুল আজকে ঘোষণা করেছেন যে আপস্টেট ইউটিলিটি NYSEG, টম্পকিনস কাউন্টির কাইয়ুগা লেকের পূর্ব পাশের 3,400 ফিট নিখুঁত উপকূলসহ 470 একর পতিত জমির জন্য 11 অক্টোবরের নিলাম বাতিল করবে এবং সম্পদটিকে স্থায়ীভাবে রক্ষা করার জন্য অগ্রবর্তী প্রচেষ্টা গ্রহণ করবে। বেল স্টেশন ল্যান্ডিং হিসেবে পরিচিত, এই জমিতে রয়েছে ফিঙ্গার লেকসের সর্ববৃহৎ ব্যক্তি-মালিকানাধীন উপকূল এবং এটি সংরক্ষণ ও গণ ব্যবহারের জন্য খুলে দেওয়া অনেক দিন ধরেই একটি অগ্রাধিকার হিসেবে আছে।

"বেল স্টেশন ল্যান্ডিং হল ফিঙ্গার লেকস অঞ্চলের সর্ববৃহৎ ব্যক্তি-মালিকানাধীন উপকূল, আর যখন আমরা পরিবেশের উপর মানুষের প্রভাবের ফলাফল নিয়ে বিতর্ক করছি, তখন আমাদের অবশ্যই ভবিষ্যৎ প্রজন্মগুলির জন্য এমন অনন্য একটি জমির সংরক্ষণের ব্যাপারটি বিবেচনা করা উচিত," **গভর্নর হোচুল বলেন।**"ভালো কর্পোরেট নাগরিক হয়ে স্বেচ্ছায় জমির নিলাম বাতিল করাতে রাজি হওয়ার জন্য আমি NYSEG কে ধন্যবাদ জানাচ্ছি। ব্যক্তিগত নির্মাণ পরিবেশগতভাবে সংবেদনশীল এই জমিটির অপূরণীয় ক্ষতি করতে পারতো, এবং নিলামটি যদি সম্পন্ন হতো, জনগণের ব্যবহার ও সংরক্ষণের জন্য এই ভূমিটিকে অক্ষুণ্ন রাখার সুযোগ চিরতরে হারিয়ে যেতো।"

গত কিছু সপ্তাহ ধরে, কয়েক ডজন স্থানীয় জমির মালিক, পরিবেশ সংক্রান্ত গ্রুপ, এবং নির্বাচিত কর্মকর্তারা গভর্নর হোচুলের অফিসে যোগাযোগ করেছেন এবং নিলামটি বন্ধ করে

জমিটিকে রক্ষার ব্যবস্থা খুঁজে বের করার জন্য তাকে অনুরোধ করেছেন। নিলাম বাতিলের চুক্তি নিশ্চিত করে, গভর্নর হোচুল এখন এই অংশটিকে স্থায়ীভাবে সুরক্ষা প্রদান এবং গণ ব্যবহারের জন্য খুলে দেওয়ার ব্যবস্থা করতে DPS, DEC এবং অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশনকে (Office of Parks, Recreation and Historic Preservation, OPRHP) নির্দেশনা দিচ্ছেন।

NYSEG ও রোচেস্টার গ্যাস অ্যান্ড ইলেকট্রিক কর্পোরেশন (Rochester Gas and Electric Corporation, RG&E) এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা কার্ল এ. টেইলর বলেন, "NYSEG অনেক দিন ধরেই চেয়েছে যে জমির এই অংশটি সংরক্ষিত হোক, এবং আমি গভর্নর হোচুল, চেয়ার হাওয়ার্ড, কমিশনার সেগোস ও কমিশনার কুলেসেইডকে এই সমস্যার সমাধানে তাদের সমন্বয় ও সমর্থনের জন্য ধন্যবাদ জানাচ্ছি। 30 বছরের বেশি সময় ধরে ফিঙ্গার লেকসের একজন বাসিন্দা হিসেবে, আমি আমাদের প্রাকৃতিক সম্পদের যত্ন নেওয়া ও একজন ভালো কর্পোরেট নাগরিক হওয়ার গুরুত্ব বুঝি। আমরা যেইসব এলাকায় সেবা প্রদান করছি সেখানে টেকসই সম্প্রদায় গড়ে তোলা আমাদের কোম্পানির জন্য অগ্রাধিকার এবং এই সিদ্ধান্তটি আসন্ন বছরগুলিতে ফিঙ্গার লেকস এলাকায় সংরক্ষণ প্রচেষ্টার জন্য সুবিধাজনক হবে।"

কাইয়ুগা লেক এই অঞ্চলের খাবার পানি, পর্যটন, ও বিনোদনের একটি অতি গুরুত্বপূর্ণ উৎস। বেল স্টেশন সংরক্ষণ উদ্ভিদ ও বন্যপ্রাণীর অতি গুরুত্বপূর্ণ আবাস রক্ষার কাজে সাহায্য করবে, এবং কাইয়ুগা লেকের পূর্ব পাশের উপকূল, যার 90 শতাংশ ব্যক্তি-মালিকানাধীন, সরাসরি ব্যবহারের ব্যবস্থা করে জনগণের বিনোদনের সুযোগ অনেকাংশে বৃদ্ধি করবে। লেকটিতে রয়েছে অসাধারণ ক্রীড়া হিসেবে ধরার মতো মাছ যেমন, লার্জমাউথ ব্যাস, চেইন পিকেরেল, নর্দার্ন পাইক, ক্র্যাপি, ইয়েলো পার্চ, সানফিশ, গার, এবং বোফিন। এছাড়াও নিউ ইয়র্ক অডুবন কাইয়ুগা লেককে গুরুত্বপূর্ণ পাখি এলাকা হিসেবে স্বীকৃতি দিয়েছে এবং এখানে ওয়াটারফাউল ও অন্যান্য পাখির বিশাল ও বৈচিত্র্যময় পাখির বসতি রয়েছে, বিশেষ করে মাইগ্রেশনের সময় ও শীতকালে। অনন্য এসব স্থান ব্যবহারের বর্ধিত সুযোগ দিলে তা স্থানীয় জনগণের জন্য বাহ্যিক বিনোদনের চলমান জনপ্রিয়তা কাজে লাগানোর গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সুযোগ তৈরি করে, একইসাথে এটি পানির মাণ রক্ষাকারী প্রাকৃতিক বলয়কে সুরক্ষিত রাখে। বিশেষ করে, লেকের পাড়ে নির্মাণকাজ ও ভূমি ক্ষয় থেকে লেককে সুরক্ষা দিলে তা জনগণের খাবার পানির সরবরাহে পানির মাণ রক্ষা করবে এবং ক্ষতিকর শৈবালের প্রস্ফুটন হ্রাস করতে সাহায্য করবে।

***ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস (Department of Public Service, DPS)* এর প্রধান নির্বাহী কর্মকর্তা, জন বি. হাওয়ার্ড , বলেন,** "ফিঙ্গার লেকস অঞ্চলের একজন স্থানীয় বাসিন্দা হিসেবে, ফিঙ্গার লেকসে খোলা স্থান সংরক্ষণ এবং বেসরকারি নির্মাণ থেকে অনন্য এলাকাগুলিকে রক্ষা করার প্রয়োজন আমি ভালো করেই বুঝি। এই জমির গুরুত্বপূর্ণ পরিবেশগত মূল্যের কথা বিবেচনা করে, নিলামটি বাতিল করে জমিটি সুরক্ষিত রাখার উপায় নিশ্চিত করার ক্ষেত্রে NYSEG এর সাগ্রহ সম্মতির আমরা প্রশংসা করছি।"

***ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (Department of Environmental Conservation, DEC)* কমিশনার ব্যাসিল সেগোস বলেন,**"সরকারি ও বেসরকারি অংশীদাররা একসাথে কাজ করে আমাদের প্রাকৃতিক সম্পদকে সুরক্ষিত রাখতে পারে এবং এইসব বিশেষ স্থান জনগণের অধিকতর টেকসই ব্যবহারের জন্য খুলে দিতে পারে। বেল স্টেশন অংশটি সংরক্ষণ করতে গভর্নর হোচুলের প্রচেষ্টায় আমি কৃতজ্ঞ, এবং আগামী প্রজন্মের দর্শনার্থীরা যাতে বেল স্টেশনের অভিজ্ঞতা উপভোগ করতে পারে তার জন্য এটি সংরক্ষণ করতে ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্টের সাথে কাজ করতে DEC উন্মুখ।"

স্টেট পার্কসের কমিশনার এরিক কুলেসেইড বলেন, "বেল স্টেশন ল্যান্ডিংয়ের সংরক্ষণ কাইয়ুগা লেকে পানির মাণ রক্ষা, গণ বিনোদনের ব্যবস্থা বর্ধিত করা, এবং টাফানক স্টেট পার্কার ভিউশেড রাখা করার একটি বিরল সুযোগ। এই গুরুত্বপূর্ণ সংরক্ষণ প্রচেষ্টায় DPS ও DEC এর সাথে কাজ করার জন্য আমরা উন্মুখ।"

সিনেটর প্যাম হেমিং বলেন, "আমাদের অঞ্চলের হাজার হাজার বাসিন্দার জন্য এটি একটি স্বাগত সংবাদ যারা অনেক প্রজন্ম ধরে কাইয়ুগা লেকের উপকূলের নিখুঁত এলাকা উপভোগ করতে পারবে। অনেক নিবেদিত মানুষ ও প্রতিষ্ঠানের সাথে যোগ দিয়ে এই ফলাফল অর্জন করতে পেরে আমি গর্বিত। সুপারভাইজার এড লাভিগ্নে, ল্যান্সিং টাউন, টম্পকিনস কাউন্টি, ফিঙ্গার লেকস ট্রাস্ট এবং নির্বাহী পরিচালক অ্যান্ডি জেপ, কাইয়ুগা লেক ওয়াটারশেড ইন্টারমিউনিসিপ্যাল অর্গানাইজেশন (Cayuga Lake Watershed Intermunicipal Organization), এবং আমার বহু ল্যান্সিং সহকর্মীদের তাদের ওকালতির জন্য ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ পাবলিক সার্ভিস কমিশন (Public Service Commission), DEC এবং NYSEG। আর আমাদের দুশ্চিন্তা ও পরামর্শ শোনার জন্য, সম্প্রদায়কে লাভবান করে এমন সমাধান এবং দারুণ বৈচিত্র্যময় প্রাকৃতিক সম্পদটিকে, যেটি পেয়ে আমরা ভাগ্যবান, সংরক্ষণের পদক্ষেপ নেওয়ার জন্য, গভর্নর হোচুল, আপনাকে বিশেষ করে ধন্যবাদ।"

অ্যাসেম্বলিমেম্বার আনা কেলেস বলেন, "আমি বেল স্টেশন সংরক্ষণে তাদের অঙ্গীকারের জন্য গভর্নর হোচুল, DPS, DEC, OPRHP এবং NYSEG কে ধন্যবাদ জানাতে চাই, কাইয়ুগা লেকের পূর্ব পাশে 3,400 ফিট নিখুঁত উপকূল ও পাহাড়ি বনভূমি, প্রবাহমান জলপ্রপাত, জরুরি পাখির বাসা, এবং বিরল বিলুপ্তির ঝুঁকিতে থাকা উদ্ভিদ প্রজাতি নিয়ে বেল স্টেশন সত্যিই পতিত জমির সুন্দর একটি প্রসার। কাইয়ুগা লেক বিশ্বের শেষ মিঠাপানির জলাধারগুলির একটি। বনভূমি সংরক্ষণ করলে তা শুধু লেককে ভূমি ক্ষয় ও উপকূলে সেপটিক সিস্টেমের বিরূপ প্রভাব থেকে থেকেই বাঁচাবে না বরং এই ভূমিকে পর্যটন ও বাস্তুসংস্থানসংক্রান্ত শিক্ষার জন্য সংরক্ষণ করবে। আমি সম্প্রদায়কে তাদের শক্তিশালী ওকালতি এবং আমাদের প্রাকৃতিক সম্পদ ও পরিবেশের প্রতি চলমান দায়িত্ব পালনের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্টের (Finger Lakes Land Trust) নির্বাহী পরিচালক অ্যান্ড্রু জেপ বলেন, "এটি ফিঙ্গার লেকসের জন্য একটি দুর্দান্ত সংবাদ। লেকের পাশের এই রত্নের ভবিষ্যৎ নিশ্চিত করতে সাহায্য করার জন্য আমরা গভর্নর ক্যাথি হোচুলের নেতৃত্ব, DEC কমিশনার বেসিল সেগোস, PSC চেয়ার জন হাওয়ার্ড, এবং স্টেট পার্ক কমিশনার এরিক

কুলেসেইডের প্রতি কৃতজ্ঞ। এই অঞ্চলের সকল বাসিন্দা এবং স্টেট এই বিশেষ স্থানটির সংরক্ষণ থেকে লাভবান হবে।"

টম্পকিনস কাউন্টির আইনসভার চেয়ারওম্যান লেসলিন ম্যাকবিন-ক্লেয়ারবর্ন বলেন, "সুন্দর এই জমিটি যাতে জনগণের ব্যবহারের জন্য সংরক্ষিত থেকে তা নিশ্চিত করতে গভর্নর হোচুলের প্রচেষ্টার আমরা মন থেকে প্রশংসা করছি এবং আমরা জমিটির যথাযথ ও সুবিধাজনক ব্যবহারের ব্যবস্থায় স্থানীয় সম্প্রদায়ের সাথে কাজ করার জন্য NYSEG এর প্রতি কৃতজ্ঞ। নিউ ইয়র্ক স্টেট ও ফিঙ্গার লেকসের ভবিষ্যৎ প্রজন্মের বাসিন্দারা এই জমি ও এর প্রাকৃতিক সম্পদ অনেক বছর ধরে উপভোগ করতে পারবে এমনটি আশা করছি।"

DEC এবং ফিঙ্গার লেকস ট্রাস্ট এই জমি অধিগ্রহণ করে জমির লেকের পাড়ের অংশে একটি জনগণের জন্য উন্মুক্ত বন্যপ্রাণী ব্যবস্থাপনা এলাকা তৈরির প্রস্তাবনা প্রদান করেছে। নিউ ইয়র্ক স্টেটের ওপেন স্পেস প্ল্যানের জন্য বেল স্টেশনকে একটি অগ্রাধিকার প্রকল্পের স্বীকৃতি দেওয়া হয়েছে এবং এটিকে টাউন অফ ল্যান্সিং কম্প্রিহেন্সিভ প্ল্যানে "ভবিষ্যতে গণ ব্যবহারের সংরক্ষিত জমি" আখ্যা প্রদান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন